

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৮-৬৩৯

তারিখঃ ০৯/০৭/২০১৮খ্রিঃ
সময়ঃ দুপুর ২.০০ ঘটিকা

আবহাওয়ার সতর্কবার্তা

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় অবস্থান করছে। এটি ঘনীভূত হতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালার সৃষ্টি হচ্ছে। উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

খুলনা, বরিশাল চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায়, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও ঢাকা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.৫	৩২.৩	৩২.৭	৩৩.২	৩৪.৮	৩৪.৮	৩৪.২	৩৩.৪
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.২	২৬.৮	২৪.৭	২৫.০	২৬.৭	২৬.৫	২৬.০	২৬.৪

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: সর্বোচ্চ তাপমাত্রা নিকলি ৩৫.৫° এবং সর্বনিম্ন রাজশাহী ও দিনাজপুর ২৪.৭° সেঃ।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- যমুনা ও গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল আছে।
- আপার মেঘনা অববাহিকার মনু নদী ব্যতীত অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- আগামী ২৪ ঘণ্টায় ব্রহ্মপুত্র নদের পানি সমতল হ্রাস পেতে পারে, অপরদিকে যমুনা নদীর পানি সমতল স্থিতিশীল হয়ে যেতে পারে।
- গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ৪৮ ঘণ্টা অব্যাহত থাকতে পারে।
- উত্তর-পূর্বাঞ্চলের সুরমা নদীর পানি সমতল হ্রাস আগামী ৪৮ ঘণ্টা অব্যাহত থাকতে পারে, অপরদিকে কুশিয়ারা নদীর পানি সমতল আগামী ২৪ ঘণ্টা বৃদ্ধি পেতে পারে। সিলেট ও সুনামগঞ্জ জেলার বিদ্যমান বন্যা পরিস্থিতির উন্নতি আগামী ৪৮ ঘণ্টায় অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় বগুড়া, জামালপুর এবং সিরাজগঞ্জ জেলাসমূহের নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	৯৪	গেজ স্টেশন বদ্ধ আছে	০
বৃদ্ধি	৫১	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	৪১	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০২	বিপদসীমার উপরে	০৫

অদ্য নিম্নবর্ণিত ০৫ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	বিগত ২৪ ঘণ্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমার উপরে (সে.মি.)
সিরাজগঞ্জ	কাজিপুর	যমুনা	+১	+২৮
সিলেট	কানাইঘাট	সুরমা	-১১	০
সুনামগঞ্জ	সুনামগঞ্জ	সুরমা	-১৮	+১১
সিলেট	শেরপুর-সিলেট	কুশিয়ারা	-২	+২
সুনামগঞ্জ	দিরাই	পুরাতন সুরমা	-৬	+৩০

০৯/০৭/১৮

